Directorate General of Defence Purchase

Ministry of Defence
New Airport Road, Tejgaon, Dhaka-1215
Web: www.dgdp.gov.bd
E-Mail: info@dgdp.gov.bd

Re-Tender Notice

1. Sealed tenders in local currency are invited from bonafide manufactuers/suppliers (enlisted firms in DGDP) for supply of the following items for Bangladesh Armed Forces:

Ser No	Nomenclature	Date of selling		Date of opening	Currency	Tender No
		From	To			
a.	Polythelene Film (Savar) 20 M/Tons.	06-08-2009	27-08-2009	30-08-2009	Local	1050/P-8
b.	Polythelene Film (Ishwardi) 04 M/Tons.	06-08-2009	27-08-2009	30-08-2009	Local	1051/P-8

2. Tender schedules with detailed specifications/conditions will be available on payment as per IT selling rate (non-refundable), between 0800 hours to 1300 hours at DGDP office on all working days. Sealed tenders shall have to be dropped in the tender box placed at DGDP Tender Room latest by 1000 hours and will be opened at 1005 hours on the day specified in presence of the tenderers (if any).

ISPR/Misc/09/2938
GD-3561

Major
For Director General

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

রাবার বিভাগ
সিলেট জোন, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

রাবার কাঠ শক্ত, টেকসই, উন্নতমানের।
আপনিও রাবার কাঠ ব্যবহার করুন।

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি নং: ৪৫ — তারিখঃ ২৩/০৭/০৯খ্রিঃ

ক্রঃনং		বিবরণ
১.	মন্ত্রণালয়/বিভাগ	পরিবেশ ও বন মন্ত্রণালয়।
২.	দরপত্র আহ্বানকারীর নাম/দপ্তর ও ফোন নং	বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, রাবার বিভাগ, সিলেট জোন, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। ফোনঃ ০৮৬২৬-৭১৪৬৮, ফ্যাক্স ০৮৬২৬-৭১৮০৯।
৩.	কাজের বিবরণ	(ক) বশিউক, রাবার বিভাগ, সিলেট জোনের ভাটেরা রাবার বাগানের ৮০০০টি জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, খন্ডন, ক্লিয়ার ফেলিং, লগিং, ষ্ট্যাকিং ও ঠিকাদারের নিজস্ব সা'মিলে চিড়াইকরণ, সিজনিং এবং ট্রাক দ্বারা কালুরঘাট, চট্টগ্রাম পর্যন্ত পরিবহন করা। (খ) বশিউক, রাবার বিভাগ, সিলেট জোনের সাতগাঁও রাবার বাগানের ৮৫০০টি জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, খন্ডন, ক্লিয়ার ফেলিং, লগিং, ষ্ট্যাকিং ও ঠিকাদারের নিজস্ব সা'মিলে চিড়াইকরণ, সিজনিং এবং ট্রাক দ্বারা কালুরঘাট, চট্টগ্রাম পর্যন্ত পরিবহন করা।
৪.	কাজের ধরণ	খোলা দরপত্র আহ্বানের মাধ্যমে (Open Tendering Method).
৫.	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময়	১৬-০৮-০৯ তারিখ (অফিস চলাকালীন সময়ে)।
৬.	দরপত্র সিডিউল বিক্রির স্থান ও ঠিকানা	(ক) বশিউক, রাবার বিভাগ, সিলেট জোন, ইছবপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। (খ) বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, হিসাব শাখা, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। (গ) ভাটেরা রাবার বাগান, শ্রীমঙ্গল, মৌলভীবাজার-শুধুমাত্র 'ক' আইটেমের দরপত্র। (ঘ) সাতগাঁও রাবার বাগান, কুলাউড়া, মৌলভীবাজার-শুধুমাত্র 'খ' আইটেমের দরপত্র।
৭.	দরপত্র দাখিলের স্থান ও ঠিকানা	(ক) মহাব্যবস্থাপক, বশিউক, রাবার বিভাগ, সিলেট জোন, ইছবপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। (খ) উপজেলা নির্বাহী কর্মকর্তা এর কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। (গ) সাতগাঁও রাবার বাগান, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। (ঘ) ভাটেরা রাবার বাগান, কুলাউড়া, মৌলভীবাজার।
৮.	দরপত্র খোলার স্থান ও ঠিকানা	মহাব্যবস্থাপক, বশিউক, রাবার বিভাগ, সিলেট জোন, ইছবপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৯.	দরপত্র গ্রহণের তারিখ ও শেষ সময়	১৭/০৮/০৯ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত।
১০.	দরপত্র খোলার তারিখ ও শেষ সময়	১৭/০৮/০৯ বেলা ২-০০ ঘটিকা।
১১.	দরপত্রদাতার যোগ্যতা	বাংলাদেশী নির্ভরযোগ্য সকল অভিজ্ঞ ব্যবসায়ী প্রতিষ্ঠান।
১২.	দরপত্র সিডিউলের মূল্য	(৩) 'ক' আইটেমের জন্য প্রতি সেট ১,০০০.০০ টাকা (অফেরতযোগ্য)। (৪) 'খ' আইটেমের জন্য প্রতি সেট ১,০০০.০০ টাকা (অফেরতযোগ্য)।
১৩.	আর্নেস্টমানি	ক- আইটেমের জন্য ৬,৫০,০০০.০০ টাকা। খ- আইটেমের জন্য ৬,৫০,০০০.০০ টাকা।
১৪.	কাজ সম্পাদনের সময়সীমা	দরপত্র সিডিউলে বর্ণিত নির্দেশ মোতাবেক।
১৫.	বিশেষ নির্দেশনা	(ক) অত্র দরপত্র পিপিআর/২০০৮ অনুযায়ী পরিচালিত হইবে। (খ) দরপত্র সংক্রান্ত অন্যান্য শর্তাবলী এবং প্রব্যের বিবরণ সিডিউলে বর্ণিত আছে। (গ) অনিবার্য কারণবশতঃ নির্ধারিত দিনে/তারিখে অফিস বন্ধ থাকিলে পরের দিন একই সময়ে দরপত্র গ্রহণ ও দরপত্র খোলা হইবে। (ঘ) উদ্ধৃত দর যুক্তিসঙ্গত বিবেচিত না হইলে কর্তৃপক্ষ তাহা গ্রহণ করিতে বাধ্য নহে। (ঙ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বশিউক/জন-১৩২/২০০৯
জিডি-৩৫৭১

মোঃ হারুন অর রশীদ
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা

পত্র সংখ্যাঃ রে/শা/ প্রশা/ ২০০৯-২০১০/৫২১(২) — তারিখঃ ২৯-০৭-২০০৯

নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতনক্রম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পরিকল্পনা ও উন্নয়ন অফিস বেতনক্রমঃ ১৩,৭৫০-১৯,২৫০/-	১টি	ক) প্রার্থীকে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। অর্থনীতি/পরিসংখ্যান/ভূগোল/লোক প্রশাসন/ব্যবসায় প্রশাসন ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। এছাড়াও এইচডি ডিগ্রিধারী প্রার্থীগণ অগ্রাধিকার পেতে পারেন। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারী হতে হবে। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে এমএস ডিগ্রির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। খ) যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থায় বিশেষ করে কোনো বিশ্ববিদ্যালয়ে শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন কাজে অফিসার হিসেবে ন্যূনপক্ষে ৯ (নয়) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহকারী পরিচালক/সমমান পদে (৯০০০-১৫৪৮০/- টাকার স্কেলে) ৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা স্নাতক পর্যায়ে শিক্ষকতা এবং শিক্ষা পরিকল্পনা ও উন্নয়নমূলক কাজে ন্যূনপক্ষে ৯ (নয়) বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে শিক্ষা পরিকল্পনা এবং উন্নয়ন কাজে ন্যূনপক্ষে ৪ (চার) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। গ) 'ক' এবং 'খ' উভয় ক্ষেত্রে বাংলা এবং ইংরেজি ভাষায় প্রকল্প প্রস্তাব (DPP & TAPP প্রণয়ন) ও প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন তৈরির অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে দক্ষতা প্রার্থীর অতিরিক্তি যোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীর বয়সঃ ৩৩ বছরের কম হবে না।
২।	ফিজিক্যাল ইনস্ট্রাক্টর শারীরিক শিক্ষা বিভাগ বেতনক্রমঃ ৬,৮০০-১৩,০৯০/-	২টি	ক) স্নাতক ডিগ্রিসহ ২য় শ্রেণীর বিপিএড ডিগ্রিপ্রাপ্ত হতে হবে। খেলাধুলায় প্রশিক্ষণ ও পরিচালনা কাজে ন্যূনপক্ষে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৩।	সহকারী প্রোগ্রামার কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি ইনস্টিটিউট বেতনক্রমঃ ৬,৮০০-১৩,০৯০/-	১টি	ক) দ্বিতীয় শ্রেণীতে এমএ/এমকম/এমএসসি/এমবিএ পাসসহ কম্পিউটার প্রোগ্রামে/শাখায় ২ বছরের বাস্তব অভিজ্ঞতা। অথবা খ) প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/গণিত/পরিসংখ্যান বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক অথবা ৩ (তিন) বছর মেয়াদী অনার্স ও ১ (এক) বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৪।	উপাচার্যের একান্ত সচিব (প্রশাসনিক অফিসার সমমান) উপাচার্য অফিস বেতনক্রমঃ ৬,৮০০-১৩,০৯০/-	১টি	ক) ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। অথবা খ) ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে উর্ধ্বতন সহকারী/সমমানের পদে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। গ) ক ও খ উভয় ক্ষেত্রে কম্পিউটার ব্যবহারে দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। বৃহৎ কোনো খ্যাতনামা প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৫। সকল পদে অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।
৬। সকল পদের জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফর্মে ১০ (দশ) কপি দরখাস্ত, শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, ডিপ্লোমা ও প্রশংসাপত্রের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার উপর ইস্যুকৃত ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ দরখাস্ত আগামী ২৩-০৮-২০০৯ তারিখের মধ্যে পৌছাতে হবে।
৭। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮। একটি আবেদনপত্রে একাধিক পদ উল্লেখ করা যাবে না। প্রতিটি পদের জন্য আলাদা আলাদা দরখাস্ত করতে হবে।
৯। রেজিস্ট্রার বরাবর ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০"X ৪" সাইজের খাম পাঠিয়ে ১ থেকে ৪ ক্রমিকের পদের জন্য নির্ধারিত ফর্ম সংগ্রহ করা যাবে। অথবা ব্যক্তিগতভাবে অফিস চলাকালীন সময়ে (অফিস সময়ঃ সকাল ০৭.৩০ থেকে দুপুর ২.০০টা পর্যন্ত) রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে।
১০। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

জিডি-৩৫৭৫

আবু বকর সিদ্দিক
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-এন এমএসটি/উঃপ্রঃ(তরুণ)/২০০৬/৯৯৭ — তারিখঃ ২৭/০৭/২০০৯

"জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহের জন্য প্রদর্শনী বস্তু সংগ্রহ ও তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদান" প্রকল্পের আওতায় ২০০৯-২০১০ আর্থিক বছরে তরুণ উদ্ভাবকদের সম্ভাবনাময় প্রকল্পসমূহের মান উন্নয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

দেশের আগ্রহী তরুণ বিজ্ঞানীদের নিকট থেকে আগামী ০৭/০৯/২০০৯খ্রিঃ এর মধ্যে নাম, পিতার নাম, পেশা, শিক্ষাগত যোগ্যতা (সনদের সত্যায়িত কপিসহ) প্রকল্পের নাম, সম্ভাব্য খাতওয়ারী ব্যয় (প্রাক্কলন) ও চিত্রসহ বর্ণনা এবং প্রকল্পটির ভবিষ্যৎ ব্যবহার উপযোগিতা উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। নির্বাচিত প্রকল্পসমূহের উদ্ভাবকগণকে বিশেষজ্ঞ বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের সরাসরি তত্ত্বাবধানে স্ব-স্ব প্রকল্পের মান উন্নয়ন করতে হবে।
২। অনধিক তিন মাসের মধ্যে প্রকল্পের মান উন্নয়নের কাজ সমাপ্ত করতে হবে।
৩। প্রকল্পের মান উন্নয়নকালে উদ্ভাবকগণকে নিজ ব্যবস্থাপনায় ঢাকায় অবস্থান করতে হবে।
৪। প্রকল্পের মান উন্নয়নকালে প্রত্যেক উদ্ভাবককে (ঢাকায় থাকা, খাওয়া ও যাতায়াত বাবদ) প্রতিমাসে ৪,০০০/- (চার হাজার) টাকা হারে ভাতা দেয়া হবে।
৫। প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীগণকে সাক্ষাৎকারের চূড়ান্ত তারিখ পত্রের মাধ্যমে জানানো হবে।
৬। প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে নতুন উদ্ভাবকগণকে অগ্রাধিকার দেয়া হবে।

বিজ্ঞান মনস্ক হোন, বিজ্ঞান ও প্রযুক্তি চর্চা করুন, সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলুন।

মোঃ মনসুর হোসেন
পরিচালক (যুগ্ম-সচিব)

জিডি-৩৫৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১, ঢাকা
ফোনঃ ৯১১২৫৬৩, ফ্যাক্সঃ ৮৮০-২-৯১১২৫৬৩

স্মারক নং-বি-১/০৭ — তারিখঃ ২৯/৭/০৯

পুনঃ দরপত্র স্থগিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র দপ্তর পুনঃ দরপত্র নং-এম-III/০১/২০০৯-২০১০ স্মারক নং-০১ তারিখঃ- ১/৭/২০০৯ইং মোতাবেক আহবানকৃত Establishment of Shahid Shorawardee Medical College at Shahid Shorawardee Hospital Campus at S.B. Nagar, Dhaka (Sub-Head:- Vertical Extension of Boys Hostel Lot No. 1 and Vertical Extension of Girls Hostel Lot No. II) পুনঃ দরপত্রের বিরুদ্ধে মেসার্স আমির এন্টারপ্রাইজ এবং মেসার্স আবদুস সাত্তার-মেসার্স এইচ এম হেলাল এন্টারপ্রাইজ জেভি কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-৪৫৫০/০৯ ও ৪৭৪০/০৯ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট রুলনিশি জারী করিয়াছেন এবং উক্ত রুলের নিস্পত্তি না হওয়া পর্যন্ত দরপত্র সংক্রান্ত যাবতীয় কার্যক্রম স্থগিত রাখার আদেশ দিয়াছেন। সেই প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক আহবানকৃত উল্লেখিত পুনঃ দরপত্রের সকল কার্যক্রম স্থগিত করা হইল। মহামান্য হাইকোর্টের রুল নিস্পত্তি আদেশের পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হইবে।

মোঃ আশরাফুল আলম
নির্বাহী প্রকৌশলী
শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১
ঢাকা

পি ১২৫৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ টেলিভিশন
ঢাকা কেন্দ্র
রামপুরা, ঢাকা

ডিটিভি/স্থা-০৬/(৩য় খন্ড)/২০০৮/৫৫০ — তারিখঃ ২৯-০৭-২০০৯

মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

০১।	মন্ত্রণালয়	তথ্য মন্ত্রণালয়।
০২।	এজেন্সী/প্রতিষ্ঠান	বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।
০৩।	ক্রয়কারীর নাম	জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র।
০৪।	ক্রয়কারীর জেলা	ঢাকা।
০৫।	যার জন্য দর আহ্বান	০৪ (চার)টি মাইক্রোবাস ভাড়া।
০৬।	আহ্বানের স্মারক নং	ডিটিভি/যান-০৬/(৩য় খন্ড)/২০০৮/৫৫০।
০৭	তারিখ	২৯-০৭-২০০৯।
০৮।	ক্রয় প্রক্রিয়া	স্থানীয় উন্মুক্ত দরপত্র।
০৯।	বাজেট ও তহবিলের প্রকৃতি	জিওবি (রাজস্ব)।
১০।	টেন্ডার প্যাকেজ নং	০১
১১।	প্যাকেজের নাম	জ্বালানি ও চালকসহ ০৪টি মাইক্রোবাস ভাড়া।
১২।	টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	০২-০৮-০৯ইং।
১৩।	দরপত্র দলিল বিক্রির শেষ তারিখ	১৭-০৮-২০০৯ বিকাল ৫টা পর্যন্ত।
১৪।	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	১৮-০৮-২০০৯ দুপুর ১২টা।
১৫।	দরপত্র খোলার তারিখ ও সময়	১৮-০৮-০৯ দুপুর ১২.৩০টা।
১৬।	দরদাতার যোগ্যতা	ক) সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে গাড়িভাড়া প্রদানের কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সনদ। খ) গাড়ির ব্লু-বুকে হালনাগাদ, ফিটনেস, টেক্স টোকেন ও রুট পারমিট থাকতে হবে। ঙ) গাড়িচালকের বৈধ লাইসেন্স থাকতে হবে।
১৭।	দরপত্র সিডিউলের মূল্য	টঃ ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র অফেরতযোগ্য।
১৮।	দরপত্র প্রাপ্তিস্থান/দপ্তর	আয়ন ব্যয়ন কর্মকর্তা, কক্ষ-৩১০, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র।
১৯।	জামানত	টঃ ৪০,০০০/- (চল্লিশ হাজার) মাত্র।
২০।	কাজের বিবরণ	প্রতিদিন সকাল ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত বিটিভির দাপ্তরিক কাজের ব্যবহারের জন্য ৪টি ২০০০ সিসি ১২ আসনবিশিষ্ট সিএনজি চালিত শীতাতপ নিয়ন্ত্রিত ২০০২ হইতে ২০০৫ সালের মডেলের মাইক্রোবাস ভাড়াকরণ।
২১।	দরপত্রের মেয়াদ	৯০ (নব্বই) দিন।
২২।	দরপত্র আহ্বানকারীর নাম	মোঃ রবি-উর-রেজা সিদ্দিকী।
২৩।	দরপত্র আহ্বানকারীর পদবী	অতিরিক্ত পরিচালক (প্রশাসন)/উপ-সচিব।
২৪।	দরপত্র আহ্বানকারীর ঠিকানা/টেলিফোন নম্বর	বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা-১২১৯। ৯৩৩১২১৭ (অফিস)।
২৫।	কোন রককম দায়-দায়িত্ব অথবা কারণ দর্শানো ছাড়াই বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।	

মোঃ রবি-উর-রেজা সিদ্দিকী
উপ-সচিব
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
জেনারেল ম্যানেজার এর পক্ষে

জিডি-৩৫৬৮

রেজিস্ট্রারের কার্যালয় — ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

স্মারক নং-২৭/শিক্ষা/ইবি-২০০৯/৫৭৪ — তারিখঃ ২৭-৭-২০০৯ইং

বিজ্ঞপ্তি

২০০৯-২০১০ শিক্ষাবর্ষে এমফিল কোর্সে ও পি-এইচডি প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য দরখাস্ত আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ে আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ, অর্থনীতি, আরবী ভাষা ও সাহিত্য, বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন, আইন ও মুসলিম বিধান, আল-ফিক্‌হ, হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি, ব্যবস্থাপনা, ফলিত পদার্থবিজ্ঞান, ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি এবং গণিত বিভাগসমূহে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে এমফিল কোর্সে ও পি-এইচডি প্রোগ্রামে গবেষণার নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। **এমফিল কোর্সে আবেদনের জন্য প্রার্থীদের ন্যূনতম যোগ্যতাঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই এই বিশ্ববিদ্যালয় অথবা অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে/সম্বন্ধযুক্ত (Relevant/related) বিষয়ে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রি থাকতে হবে।

(খ) প্রার্থীকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী (ন্যূনতম ৫০% নম্বর প্রাপ্ত) অথবা সিজিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) ডিগ্রিধারী হতে হবে।

(গ) যে সকল প্রার্থীর স্নাতক (সম্মান) ডিগ্রি নেই সে সকল প্রার্থীকে স্নাতক (পাস) পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ অথবা স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা সিজিপিএ ৩.৫ সহ শিক্ষার অন্যান্য স্তরে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

(ঘ) শিক্ষাগত যোগ্যতার কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থীর আবেদন বিবেচিত হবে না। প্রার্থী যদি তার স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা সিজিপিএ ৩.৫ প্রাপ্ত হন এবং সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে বিশেষ অবদান রাখেন, তবে প্রার্থীর আবেদন করার বিষয়ে শর্তটি শিথিল করা যেতে পারে।

(ঙ) এমবিবিএস/বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রাপ্ত প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে ৫০% নম্বর অথবা সিজিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) থাকলে এমফিল কোর্সে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

২। **পি-এইচডি প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থীদের ন্যূনতম যোগ্যতাঃ**

পি-এইচডি প্রোগ্রামে নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করলে প্রার্থী ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(ক) প্রার্থীর অবশ্যই এ বিশ্ববিদ্যালয় অথবা অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট/সম্বন্ধযুক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণীসহ (ন্যূনতম ৫০% নম্বর প্রাপ্ত) অথবা সিজিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) সহ শিক্ষাগত যোগ্যতার সকল স্তরে ট্রং একাডেমিক রেকর্ড থাকতে হবে। প্রার্থীর কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম দু'বছরের শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং তাঁর সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে ন্যূনতম ২টি গবেষণামূলক প্রবন্ধ কোন স্ট্যান্ডার্ড জার্নালে প্রকাশিত হতে হবে।

(খ) শিক্ষাগত যোগ্যতার যে'কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থী আবেদন করতে পারবে না। প্রার্থী যদি তার স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা সিজিপিএ ৩.৫ প্রাপ্ত হন এবং প্রার্থীর কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম দু'বছরের শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা থাকে এবং তাঁর সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে ন্যূনতম ২টি গবেষণামূলক প্রবন্ধ কোন স্ট্যান্ডার্ড জার্নালে প্রকাশিত হতে হবে এবং সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে প্রার্থী যদি বিশেষ অবদান রাখেন, তবে প্রার্থীর আবেদন করার বিষয়ে শর্তটি শিথিল করা যেতে পারে।

(গ) প্রার্থী এ বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এমফিল ডিগ্রি প্রাপ্ত হলে পি-এইচডি প্রোগ্রামে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(ঘ) এ বিশ্ববিদ্যালয়ে অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ যাঁদের শিক্ষকতার ও গবেষণার ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা আছে এবং এ বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত স্ট্যান্ডার্ড একাডেমিক জার্নালে ন্যূনতম ০২টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে তাঁরা উপরোক্ত "ক" ধারা পূরণ না করলেও পি-এইচডি প্রোগ্রামে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

উপরের ১ ও ২ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় বিশ্ববিদ্যালয়ের বিবিধ রশিদের মাধ্যমে চলতি হিসাব নং-০৩-এ এমফিল আবেদন ফরম বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং পি-এইচডি আবেদন ফরম বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা দিয়ে ব্যাংক থেকে আবেদনপত্র ০২-৮-২০০৯ইং থেকে ০২-৯-২০০৯ইং তারিখ পর্যন্ত (অফিস চলাকালিন সময়ে) সংগ্রহ করতঃ যথাযথভাবে পূরণ করে আগামী ১৩-৯-২০০৯ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল পর্যায়ের পরীক্ষার সত্যায়িত মার্কসীট, সনদপত্রের অনুলিপি, ২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি ও ১ সেট গবেষণা প্রস্তাব/সিনপসিস টাইপ/কম্পিউটার মুদ্রণ করে জমা দিতে হবে। এমফিল কোর্সে ভর্তির জন্য চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে প্রাথমিক আবেদনের সাথে তাঁর চাকুরীরত প্রতিষ্ঠান থেকে ১ (এক) বছরের শিক্ষা ছুটি পাবেন মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে এবং গবেষণা কর্মে যোগদানের সময় চূড়ান্ত চি